

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ডিসেম্বর ২, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
[মুসক অনুবিভাগ]

আদেশ

তারিখ: ২০ কার্তিক, ১৪৩১ বঙ্গাব্দ/ ০৫ নভেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ।

বিষয় : একটি ওয়্যারহাউস লাইসেন্সধারি প্রতিষ্ঠান হতে অন্য একটি ওয়্যারহাউস লাইসেন্সধারি প্রতিষ্ঠানে রেয়াতিহারে আমদানিকৃত মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশ হস্তান্তর বা বিক্রয়ের ক্ষেত্রে স্থানীয় ব্যবসায়ী পর্যায়ে মূসক অব্যাহতি প্রদান।

নং ১/মুসক/২০২৪,—যেহেতু, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ২৩ অনুযায়ী রপ্তানির নিমিত্ত পণ্য সরবরাহ শূন্য হার বিশিষ্ট; এবং

যেহেতু, ওয়্যারহাউস লাইসেন্সধারি প্রতিষ্ঠানসমূহ রপ্তানির নিমিত্ত পণ্য উৎপাদন করিয়া থাকে; এবং

যেহেতু, ওয়্যারহাউস লাইসেন্সধারি প্রতিষ্ঠানের ব্যবসায়ী কার্যক্রম সহজীকরণ এবং রপ্তানিকে উৎসাহিতকরণ একান্তভাবে প্রয়োজন;

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে, একটি ওয়্যারহাউস লাইসেন্সধারি প্রতিষ্ঠান হতে অন্য একটি ওয়্যারহাউস লাইসেন্সধারি প্রতিষ্ঠানে রেয়াতিহারে আমদানিকৃত মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশ হস্তান্তর বা বিক্রয়ের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে স্থানীয় ব্যবসায়ী পর্যায়ে আরোপণীয় মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল:

শর্তাবলি:

(ক) রেয়াতিহারে আমদানিকৃত মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশ সরবরাহ গ্রহণকারী ও সরবরাহ প্রদানকারী উভয়ই ওয়্যারহাউস লাইসেন্সধারি হইতে হইবে;

( ২৮৬১৩ )

মূল্য : টাকা ৪.০০

- (খ) রেয়াতিহারে আমদানিকৃত মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশ সরবরাহ প্রদানকারী প্রতিষ্ঠান যন্ত্রপাতি ও যন্ত্রাংশ আমদানির স্বপক্ষে বিল অব এন্ট্রি বা পণ্যের ঘোষণাসহ সরবরাহ প্রদানের অনুমতি চেয়ে, সংশ্লিষ্ট ওয়্যারহাউস লাইসেন্স প্রদানকারী কমিশনার এর নিকট আবেদন করিবেন এবং ওয়্যারহাউস লাইসেন্স প্রদানকারী কমিশনার এই আদেশের অন্যান্য শর্তাবলি পরিপালিত হওয়া সাপেক্ষে দ্রুততম সময়ের মধ্যে সরবরাহের অনুমতি প্রদান করিবেন; এবং
- (গ) রেয়াতিহারে আমদানিকৃত মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশ সরবরাহ গ্রহণকারী ও সরবরাহ প্রদানকারী উভয়েরই যন্ত্রপাতি ও যন্ত্রাংশের তালিকা যে কর মেয়াদে সরবরাহটি সম্পন্ন হবে উক্ত কর মেয়াদের রিটার্নে প্রদর্শনসহ সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর বিভাগীয় কার্যালয়ে দাখিল করিতে হইবে।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

ব্যারিস্টার মো: বদরুজ্জামান মুন্সী  
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)।